



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

বোর্ড সচিবালয়

পানি ভবন, ৭২, শ্রীন রোড, ঢাকা-১২০৫।

[www.bwdb.gov.bd](http://www.bwdb.gov.bd)

নম্বর: ৪২.০১.০০০০.০০৮.৫২.০০১.২২.৮

১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

পানি সম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বিক কমিটির ৩৭ তম সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের যে সমস্ত দপ্তরে নিলামযোগ্য মালামাল রয়েছে প্রতিবছর সেগুলো ক্যালেন্ডারভুক্ত করে নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। সে মোতাবেক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের যে সকল দপ্তরে অকেজো মালামাল রয়েছে সে সকল দপ্তর ২০২৩-২৪ অর্থ বছরে নিলামযোগ্য মালামালের তালিকা নিষ্পত্তির ক্যালেন্ডার (অকেজো মালামালের তালিকা এবং নিষ্পত্তির সম্ভাব্য তারিখ) প্রণয়ন করার বাধ্যবাধকতা রয়েছে।

২। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের যে সকল দপ্তরে অকেজো মালামাল রয়েছে, সে সকল দপ্তর আগামী ৪ (চার) কর্মদিবসের মধ্যে নিলামযোগ্য মালামালের তালিকা নিষ্পত্তির ক্যালেন্ডার প্রণয়ন পূর্বক বোর্ড সচিবালয়কে ই-মেইলে ([bwdbsecretary@gmail.com](mailto:bwdbsecretary@gmail.com)) আবশ্যিকভাবে অবহিত করবেন। যদি কোন দপ্তরে নিলামযোগ্য মালামাল না থাকে তবে সে সকল দপ্তর সচিবালয়কে ই-মেইলে ([bwdbsecretary@gmail.com](mailto:bwdbsecretary@gmail.com)) আবশ্যিকভাবে শূন্য (০) প্রতিবেদন প্রেরণ করবেন।

৩। মহাপরিচালক মহোদয়ের আদেশক্রমে এ দপ্তরাদেশ জারী করা হলো।

০১-০২-২০২৪

ওবায়দুল ইসলাম  
পরিচালক (বোর্ড)

নম্বর: ৪২.০১.০০০০.০০৮.৫২.০০১.২২.৮/১ (৮)

১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যোতির ক্রমানুসারে নয়):

- ১। দপ্তর প্রধান (সকল দপ্তর), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
- ২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা;
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো) এবং
- ৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।



০৪-০২-২০২৪

মোঃ সিরাজুল ইসলাম  
উপপরিচালক